গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৭.২০.০১২.২৩-১০১

তারিখ: ১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ এপ্রিল ২০২৪খ্রি.

বিষয়ঃ বর্তমান ২০২৩-২৪ অর্থবছরে কাপ্তাই হ্রদে মৎস্য আহরণ বন্ধকালীন ২৬৭৫১ টি জেলে পরিবারকে মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ (চাল) প্রদান।

সূত্রঃ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এর নং- ৩৩.০৩.০০০০.১০২.০৩.২৫৫.১৯-২০৬ ; তারিখ : ১৬/০৪/২০২৪ ;

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ভি.জি.এফ কর্মসূচীর আওতায় চলতি ২০২৩-২৪ অর্থবছরে কাপ্তাই হ্রদে মৎস্য আহরণ বন্ধকালীন রাঙ্গামাটি ও খাগড়াছড়ি জেলার ১০ টি উপজেলার ২৬৭৫১ টি জেলে পরিবারের অনুকূলে পরিবার প্রতি মাসিক ২০ কেজি হারে মে ও জুন/২০২৪ মাসের জন্য মোট ১০৭০.০৪ মে.টন ভিজিএফ (চাল) এর বরাদ্দ নিম্নবর্ণিতভাবে জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ মঞ্জুরি জ্ঞাপন করা হলো :

| ক্রঃনং | জেলা | উপজেলা | জেলেরসংখ্যা | ভিজিএফ (চাল) বরাদ্দ মে. টন |
|---|---|---|---|---|
| ১. | রাঙ্গামাটি | রাঙ্গামাটিসদর | ৫৩৪৭জন | ২১৩.৮৮ |
| | | লংগদু | ৯৫৩৭জন | ৩৮১.৪৮ |
| | | বাঘাইছড়ি | ১৯৮৮জন | ৭৯.৫২ |
| | | নানিয়ারচর | ১৮৬৭জন | ৭৪.৬৮ |
| | | কাপ্তাই | ৬৯৭জন | ২৭.৮৮ |
| | | বিলাইছড়ি | ১০৭৭জন | ৪৩.০৮ |
| | | জুরাছড়ি | ৫০৭জন | ২০.২৮ |
| | | বরকল | ২৯৫৫জন | ১১৮.২ |
| | | উপমোট= | ২৩৯৭৫জন | ৯৫৯ |
| ২. | খাগড়াছড়ি | মহালছড়ি | ১৫৯১জন | ৬৩.৬৪ |
| | | দিঘীনালা | ১,১৮৫জন | ৪৭.৪ |
| | | উপমোট= | ২,৭৭৬জন | ১১১.০৪ |
| | | সর্বমোট (১+২)= | ২৬৭৫১জন | ১০৭০.০৪ মে.টন |

২। জেলা প্রশাসকগণ মঞ্জুরিকৃত ভিজিএফ (চাল) কাপ্তাই হ্রদে মৎস্য আহরণে বিরত থাকা নিবন্ধিত মৎস্যজীবীদের মধ্যে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ অনুসরণপূর্বক ১০/০৬/২০২৪ তারিখের মধ্যে উত্তোলন ও বিতরণ সম্পন্ন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন;

৩। সময় স্বল্পতার কারণে জেলা প্রশাসকগণ বরাদ্দ প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করবেন এবং সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করবেন;

৪। উপজেলা নির্বাহী অফিসারগণ উপ-বরাদ্দ প্রাপ্তির পর নির্দিষ্ট সময়ের মধ্যে বরাদ্দকৃত খাদ্যশস্য উত্তোলন করে বিতরণ সূচি তৈরি করতঃ ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপনন কেন্দ্র, বামউক, রাঙ্গামাটি পার্বত্য জেলা এবং সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করবেন;

E:\nnnnnn\sadia 2018\ভিজিএফ ২২-২৩\২৩-২৪\ভিজিএফ জি.ও.docx

৫। কার্ডধারী জেলে ব্যতীত অন্য কাউকে এ ভিজিএফ দেয়া যাবেনা। ভিজিএফ বিরতরণকালে উপজেলা মৎস্য কর্মকর্তা, ট্যাগ অফিসার এবং বামউক-এর প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে;

৬। মৃত কিংবা পেশা পরিবর্তনের কারনে জেলেদের সংখ্যা পরিবর্তন হয়ে থাকলে তা পর্যালোচনা/পরীক্ষা করে নীতিমালা অনুযায়ী ভিজিএফ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে;

৭। জেলা প্রশাসকগণ ভিজিএফ চাল বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্যকে অবহিত রাখবেন;

৮। জেলা প্রশাসকগণ কর্তৃক ভিজিএফ (চাল) বিতরণ কার্যক্রমের সাথে সমন্বয় করে ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপনন কেন্দ্র, বামউক, রাঙ্গামাটি যাবতীয় কার্যক্রম শেষে চেয়ারম্যান, বিএফডিসি বরাবরে প্রতিবেদন প্রেরণ করে মন্ত্রণালয়কে অবহিত করবেন;

৯। চলতি ২০২৩-২৪ অর্থ বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট কোড নং "১২০০০১৯০৩-৩৭২২১০১ ত্রাণ কার্য (চাল)" খাত হতে ব্যয় নির্বাহ হবে;

১০। জেলা প্রশাসকগণ কর্তৃক ভিজিএফ (চাল) বিতরণ কার্যক্রম শেষে ১০ (দশ) কার্য দিবসের মধ্যে খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক খাদ্যশস্য ও পরিবহন ব্যয় Book Adjustment করার নিমিত্ত বরাদ্দের বিপরীতে প্রকৃত বিতরনকৃত খাদ্যশস্য -এর বিবরণী বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের মাধ্যমে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করবেন;

১১ এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হলো।

২৫/০৪/২০২৪

(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোন-৫৫১০০৪৩৮
ই-মেইলঃ fisheries-২@mofl.gov.bd

জেলা প্রশাসক
রাঙ্গামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা

নং-৩৩.০০.০০০০.১২৭.২০.০১২.২৩-১০১

তারিখ: ১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ২৫ এপ্রিল ২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
০৪। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
০৫। চেয়ারম্যান, বিএফডিসি, ২৩-২৪ কারওয়ান বাজার, তেজগাঁও, ঢাকা ;
০৬। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা ;
০৭। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা ;
০৮। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য) ;
০৯। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ;
১০। উপসচিব (বাজেট), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ;
১১। জেলা মৎস্য কর্মকর্তা, রাঙ্গামাটি/খাগড়াছড়ি ;
১২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাঙ্গামাটি/খাগড়াছড়ি ;

E:\nnnnnn\sadia 2018\ভিজিএফ ২২-২৩\২৩-২৪\ভিজিএফ জি.ও.docx

১৩। উপসচিব (মৎস্য-৩), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
১৪। ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপনন কেন্দ্র, বামউক, রাঙ্গামাটি পার্বত্য জেলা ;
১৫। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ;
১৬। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) ;
১৭। অফিস কপি/মাস্টার কপি।

২৫/০৪/২০২৪
(মো: আবদুর রহমান)
উপসচিব

E:\nnnnnn\sadia 2018\ভিজিএফ ২২-২৩\২৩-২৪\ভিজিএফ জি.ও.docx